

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

চট্টগ্রাম।

তারিখ : ২৩/১২/২০২১

“জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২” এর ২য় কোয়ার্টারে অংশী জনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবদুল্লাহ আল মোবিন চৌধুরী, ডিজিএম (অডিট) ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল, ইআরএল,
তারিখ	০৬/১২/২০২১
সময়	১১.৩০
সভার স্থান	সভাপতির অফিস কক্ষ, ইআরএল,
সভার উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’

০২। সভার প্রারম্ভে কমিটির সভাপতি ও ফোকাল পয়েন্ট, উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। তিনি সভায় আগত অংশীজনের প্রতিনিধিগণকে জাতীয় শুদ্ধাচার কৌশল এর প্রেক্ষাপট উপস্থাপনপূর্বক এর আলোকে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব উপস্থাপন করেন। এক্ষেত্রে কর্মপরিকল্পনার আলোকে কার্য সম্পাদনকালে কোনরূপ ত্রুটি/বিচ্যুতি বা সমস্যা পরিলক্ষিত হলে তা সভায় উপস্থাপন করার পাশাপাশি এর সমাধান করার ক্ষেত্রে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রত্যাশা করেন।


০৩। সভায় উপস্থিত তেল বিপণন কোম্পানি সমূহের প্রতিনিধিগণ জানান যে, ইআরএল এবং বিপণন কোম্পানি সমূহের মধ্যে পরিশোধিত জ্বালানি তেল পাম্পিংয়ের মাধ্যমে সরবরাহের সময় উদ্ভূত জরুরী পরিস্থিতিতে বিপণন কোম্পানির কর্মকর্তা/কর্মচারী ইআরএল এ প্রবেশের ক্ষেত্রে মেইন গেইটে অনুমতি গ্রহণ সংক্রান্ত জটিলতা হেতু বিলম্ব ঘটে। ফলশ্রুতিতে তাঁদের মূল্যবান কর্মঘণ্টা নষ্ট হবার পাশাপাশি জরুরী মুহূর্তে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও কার্যক্রম গ্রহণ ব্যাহত হয়। এক্ষেত্রে উদ্ভূত সমস্যা লাঘবে অংশীজনগণ ইআরএল এর সহযোগিতা ও দ্রুত সেবা পাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। অধিকন্তু সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানি সমূহে গেইট পাশ ইস্যুর ব্যপারে যে প্রক্রিয়া অনুসরণ করা হয়ে থাকে তা ইআরএল এ অনুসরণ করা যায় কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট পক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি সমাধানের জন্য কমিটির ফোকাল পয়েন্ট ইআরএল এর পার্সোনেল বিভাগকে জানানো হবে বলে উল্লেখ করেন। তাছাড়া তেল পাম্পিং এর সময় কোম্পানি সমূহের মধ্যে সমন্বয় এবং টাইম ম্যানেজমেন্ট এর বিষয়টি যথাযথভাবে প্রতিপালনের প্রচেষ্টা গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করা হয়।

০৪। পদ্মা অয়েল কোম্পানির প্রতিনিধি সভায় জানান যে, ইআরএল হতে একই সময়ে এমএস ও অকটেন পাম্প করা সম্ভব হয় না বিধায় পাম্পিং এর মাধ্যমে তেল রিসিভিং এ সময় বেশি লাগে। অধিকন্তু একই সঞ্চালন লাইন দিয়ে এমএস ও অকটেন পাম্প করা হয় বিধায় প্রাপ্ত পণ্যের গুণগত মানের ক্ষেত্রে মাঝে মধ্যে সমস্যা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে তেল সঞ্চালন লাইন বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সংশ্লিষ্টজন অভিমত প্রকাশ করেন। এতদ্বিষয়ে ইআরএল প্রতিনিধি ডিজিএম (প্ল্যানিং) সভাকে অবহিত করেন যে, তেল সঞ্চালন লাইন এর সল্পতার কারণে ও ইআরএল এবং তেল বিপণন কোম্পানি সমূহের তেল সঞ্চালন লাইন এর ব্যাসার্ধের মধ্যে সামঞ্জস্যতা না থাকা এবং বিপণন কোম্পানি সমূহের সঞ্চালন লাইন সর্পিলাকৃতির বিধায় তেল সঞ্চালন চাপের তারতম্য ঘটে। ফলে পরিশোধিত তেল পাম্পিং সময় বেশি লাগছে। তিনি উদ্ভূত সমস্যা লাঘবের প্রচেষ্টা অব্যাহত বলে জানান।

০৫। তেল বিপণন কোম্পানি সমূহের প্রতিনিধিগণ উল্লেখ করেন যে, দেশে যখন এমএস ও অকটেন এর চাহিদা বেশি থাকে তখন সংস্থার মাধ্যমে বর্ণিত পণ্যাদি বিদেশ হতে আমদানি করা হয়। এসব পণ্যাদি বাজারজাত করণের পূর্বে ডায়িং করা হয়ে থাকে। উল্লেখ্য, এরূপ ক্ষেত্রে ডাইং কার্যক্রম পরিচালনায় ইআরএল হতে চাহিদানুযায়ী যথেষ্ট পরিমাণ ডাই

পাওয়া যায় না। ফলে আমদানিকৃত পণ্যাদি বাজারজাত করণে অসুবিধার সম্মুখীন হতে হয়। বর্ণিত সমস্যা সমাধানকল্পে অংশীজন ইআরএল কর্তৃক পর্যাপ্ত ডাই মজুদকরণের বিষয়ে মত প্রকাশ করেন। এ প্রেক্ষাপটে এজিএম (প্ল্যানিং) ইআরএল বলেন, বিপণন কোম্পানি সমূহ কর্তৃক নিজ উদ্যোগে ডাই মজুদ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেও সমস্যার সমাধান করা যায়। এক্ষেত্রে ডিজিএম (প্ল্যানিং) ইআরএল উল্লেখ করেন যে, আমদানি পর্যায়ে বিপণন কোম্পানি এবং উৎপাদন পর্যায়ে ইআরএল কর্তৃক এমএস ও অকটেন এ ডাই মিশ্রণ করা যুক্তিযুক্ত।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আবদুল্লাহ আল মোবিন চৌধুরী
ডিজিএম (অডিট)
ও
ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার কমিটি
ইআরএল।

~~ব্যবস্থাপনা পরিচালক~~

সানুগ্রহ অবগতির জন্য পেশ করা হলো।



ডিজিএম (ডিএসএম)
ডিজিএম (পার্মানেন্ট)

> মানুগ্রহ অর্গতি ও
প্রাথমিক কর্মসূচি গ্রহণের



২৩/১২/১০২০

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

চট্টগ্রাম।

তারিখ : ০৬/১২/২০২১খ্রি:

"জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২" অনুযায়ী ২য় কোয়ার্টার এর অন্তর্গত সভায় অংশগ্রহণকারী অংশীজনের উপস্থিতি :-

ক্রমিক নং	নাম ও পদবী	প্রতিষ্ঠান	স্বাক্ষর	মন্তব্য
1.	Mosque Ahmed Ch.	POCL		
2.	Md. Nazrul Islam	SOCL		
3.	Md. Rashedul Hoque	MPL		
4.	Mir Mohammad Saiful Islam	SAOCL		
5.	Md. Mostafizer Rah	ERL		
6.	Nazim Ali	ERL		
7.	Kawsar Ahmed	ERL		
8.	Mir Md. Meinal Khan	ERL		
9.	MD. RASHED CHOWDHURY	ERL		

(মোঃ আবদুল্লাহ-আল-মোবিন চৌধুরী)
ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার কৌশল
ইআরএল।